Bangladesh Petroleum Corporation
B S C BHABAN, SALTGOLA ROAD, POST BOX NO. 2025, CHITTAGONG-4100

সূত্র নং- ৩৪.০৬/বিপণন/ ৪২৭

জুন ১২, ২০১২ খ্রিঃ।

AM (MIS)

ব্যবস্থাপনা পরিচালক
যমুনা অয়েল কোম্পানী লিঃ
পদ্মা অয়েল কোম্পানী লিঃ
মেঘনা পেট্রোলিয়াম লিঃ
উপ-মহাব্যবস্থাপক
স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানী লিঃ
চট্টগ্রাম।

বিষয় ঃ বিটুমিন বিপণন/সরবরাহ নীতিমালা।

মহোদয়,

সুষ্ঠুভাবে বিটুমিন বিপণন/সরবরাহ নিশ্চিতকল্পে নিম্নোক্ত পদ্ধতি/নীতিমালা অনুসরণ করে প্রকৃত গ্রাহক/ঠিকাদার/ব্যবহারকারীদের নিকট বিভিন্ন গ্রেডের বিটুমিন সরবরাহ প্রক্রিয়া অব্যাহত রাখার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল ঃ

ক) বিপণন কোম্পানী কর্তৃক প্রকৃত গ্রাহক/ঠিকাদার/ব্যবহারকারীদের নিকট ড্রাম/বাল্ক বিটুমিন সরবরাহের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিপণন কোম্পানী কর্তৃপক্ষীয় অনুমোদনক্রমে একটি কমিটি গঠনপূর্বক সংস্থা'কে অবহিত করতে হবে ;

খ) ঠিকাদার/ব্যবহারকারী কর্তৃক পেশকৃত আবেদনে প্রস্তাবিত কাজের বিপরীতে সংশ্লিষ্ট প্রধান/নির্বাহী প্রকৌশলী কর্তৃক ইস্যুকৃত কার্যাদেশ ও বর্ণিত কাজের বিপরীতে বিটুমিনের চাহিদার পরিমাণসহ প্রত্যয়ন পত্র, টিআইএন সার্টিফিকেট, ভ্যাট সার্টিফিকেট, আইডি কার্ড ও সঠিকতা প্রমাণের জন্য ঠিকাদারের তালিকাভুক্তির সত্যায়িত কপি থাকতে হবে এবং আবশ্যিকভাবে বিপণন কোম্পানী কর্তৃক সত্যতা যাচাই করে বিটুমিন সরবরাহ করবে ;

গ) ঠিকাদার/ব্যবহারকারী কর্তৃক পেশকৃত কার্যাদেশের মেয়াদ শেষ হলে চলমান কার্যের জন্য প্রধান/নির্বাহী প্রকৌশলী কর্তৃক কার্যাদেশের মেয়াদ বর্ধিত করতে হবে, তা না হলে কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে ;

ঘ) বিটুমিন উত্তোলন বাবদ অগ্রিম অর্থ পে-অর্ডার/ডিডি'র মাধ্যমে (আবশ্যিকভাবে যাচাই সাপেক্ষে) পরিশোধপূর্বক প্রকৃত ঠিকাদার/মনোনীত প্রতিনিধিকে (*মনোনীত প্রতিনিধির ছবি ও স্বাক্ষর সত্যায়িত*) বিটুমিন সরবরাহ করতে হবে ;

ঙ) সড়ক ও জনপথ বিভাগ, সিটি করপোরেশন, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, পৌরসভাসহ যে সকল সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান স্ব-স্ব ক্ষেত্রে সড়ক নির্মাণ, মেরামতসহ বিবিধ কার্যে বিটুমিন ব্যবহার করে থাকে উক্ত প্রতিষ্ঠানসমূহের প্রধান/নির্বাহী প্রকৌশলীর বরাবরে বিপণন কোম্পানী হ'তে পত্র প্রেরণপূর্বক বিভিন্ন থানা/উপজেলা, জেলা পর্যায়ে তাদের যে সকল কার্যালয় আছে এর তালিকাসহ যে সকল কর্মকর্তা কার্যাদেশ স্বাক্ষর করেন তাঁদের নাম, পদবী, কার্যালয়ের নাম, টেলিফোন/মোবাইল নম্বর, ফ্যাক্স নম্বর ইত্যাদিসহ নমুনা স্বাক্ষর প্রেরণের জন্য অনুরোধ করতে হবে ;

চ) উক্ত কার্যালয় কর্তৃক এযাবৎ ইস্যুকৃত কার্যাদেশের তারিখসহ বিবরণ এবং উক্ত কার্যাদেশের ভিত্তিতে যে সকল সাইটে/প্রকল্পে ঠিকাদার কর্তৃক কাজ শুরু করা হয়েছে/হচ্ছে/নিয়মিত কাজ চালু রাখা হয়েছে তার বিবরণ সম্বলিত (*কার্যাদেশ বাস্তবায়নের ক্ষেত্রে বিটুমিনের প্রাক্কলিত পরিমাণ ড্রামে/টনে) তালিকা সংগ্রহ করতে হবে* ;

ছ) বিপণন কোম্পানী কর্তৃক বিটুমিন বরাদ্দ প্রদানের ক্ষেত্রে প্রাধিকার (Priority) নির্ধারণ করবে এবং তা আবশ্যিকভাবে সংস্থা'কে অবহিত করতে হবে ;

জ) কোন কোন ক্ষেত্রে ঠিকাদার কর্তৃক পেশকৃত কার্যাদেশ ও আনুসাংগিক কাগজপত্র যথাযথ/সঠিক বিবেচিত না হলে তাৎক্ষণিকভাবে টেলিফোন/মোবাইল, ফ্যাক্সবার্তা প্রেরণপূর্বক নিকটবর্তী স্থানে অবস্থিত বিপণন কোম্পানীর আঞ্চলিক ব্যবস্থাপক/বিক্রয় প্রতিনিধির মাধ্যমে সত্যতা যাচাই করতে হবে ;

১২৩৪
১৩/৬/১২

চলমান পাতা-২/

TELEPHONE : PABX : (031) 716336, FAX : 880-31-724910/880-31-720147

ঝ) বিটুমিন সরবরাহের ক্ষেত্রে প্রকৃত ঠিকাদার/ঠিকাদারের মনোনীত প্রতিনিধির বিস্তারিত নাম, ঠিকানা, মোবাইল নম্বর, কার্যাদেশ নং, কাজের অবস্থান, ট্রাক নং, ট্রাক ড্রাইভারের নাম, লাইসেন্স নং, সরবরাহকৃত বিটুমিনের পরিমাণ (সংখ্যা/টন) ইত্যাদি বিস্তারিত বিবরণ রেজিষ্ট্রারে লিপিবদ্ধ রাখতে হবে। উক্ত তথ্য সম্বলিত তালিকা প্রতি ১৫(পনের) দিন অন্তর সংশ্লিষ্ট তেল বিপণন কোম্পানীর মহাব্যবস্থাপক (বিপণন) এবং স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানী লিমিটেডের উপ-মহাব্যবস্থাপক কর্তৃক সরেজমিনে যাচাই করতে হবে। এ ক্ষেত্রে বিরূপ কোন অবস্থা পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে সংস্থা'কে অবহিত করতে হবে ;

ঞ) প্রকৃত ঠিকাদার/ব্যবহারকারীদের পেশকৃত কার্যাদেশের বিপরীতে বিটুমিন বরাদ্দ করা হলে বরাদ্দপত্র/ডেলিভারী চালানের এক প্রস্থ ফটোকপি রেজিষ্ট্রার্ডযুক্ত ডাক/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে দ্রুত প্রেরণপূর্বক কার্যাদেশ স্বাক্ষরকারী প্রধান/নির্বাহী প্রকৌশলীকে অবগত করতে হবে ;

ট) বিপণন কোম্পানী কর্তৃক গঠিত কমিটির সুপারিশ সম্বলিত আবেদন ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের পর যথানিয়মে বিটুমিন সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সমন্বিতভাবে একই কার্যাদেশের বিপরীতে কোন প্রতিষ্ঠান চারটি বিপণন কোম্পানী হ'তে মাসে সর্বমোট বিটুমিন উত্তোলনের পরিমাণ পর্যালোচনা করতে হবে ;

ঠ) বিপণন কোম্পানীর স্থাপনায় পুরাতন/অবিক্রিত/সামান্য ডেন্টেড/আংশিক ভাংগা ড্রাম ভর্তি বিটুমিন থাকলে উক্ত ড্রাম প্রকৃত পরিমাণের যথাযথ মাপঝোপ করে নিরূপণ করতঃ প্রকৃত ঠিকাদারদের মধ্যে ভাল/খারাপ মানের আনুপাতিক হারে সরবরাহ করার ব্যবস্থা করতে হবে ;

ড) বিপণন কোম্পানী কর্তৃক সরবরাহকৃত বিটুমিনের গ্রাহক-ভিত্তিক/পরিমাণ-ভিত্তিক তালিকা পাক্ষিক আকারে মাসে দু'বার সংস্থার বন্টন ও বিপণন বিভাগে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে ;

ঢ) বিটুমিন সরবরাহের ক্ষেত্রে সংস্থা কর্তৃক মনিটরিং ব্যবস্থা অব্যাহত থাকবে। কোন অনাকাংখিত পরিস্থিতির উদ্ভব হলে সংস্থা'কে তাৎক্ষণিকভাবে অবহিত করতে হবে।

এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

আপনার বিশ্বস্ত,

(মোঃ আবু হানিফ)
মহাব্যবস্থাপক (বন্টন ও বিপণন)

বিতরণ ঃ

ব্যবস্থাপনা পরিচালক
ইস্টার্ণ রিফাইনারী লিঃ
চট্টগ্রাম।

অনুলিপি ঃ

১। সচিবের একান্ত সচিব
জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চেয়ারম্যানের একান্ত সচিব, বিপিসি, চট্টগ্রাম।
৩। পরিচালক (অর্থ/অপাঃ ও পরিঃ/বিপণন) এর ব্যক্তিগত সহকারী, বিপিসি, চট্টগ্রাম।
৪। সচিবের ব্যক্তিগত সহকারী, বিপিসি, চট্টগ্রাম।